

বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।



স্মারক নং -ঢাকা বোর্ড/বিইডিইউ-সেসিপ/অনলাইন প্রশিক্ষণ/২০১৮/১৯/৯৪৩৩


তারিখ : ০৬/০৩/২০১৯

বিষয় : নির্ভরযোগ্য নম্বর প্রদানের জন্য উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে মাধ্যমিক পর্যায়ের বাংলা ১ম পত্র, গণিত, পদার্থবিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের শিক্ষকগণের অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা মাধ্যমিক পর্যায়ের নির্ভরযোগ্য উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স চালু করেছে। এ অনলাইন প্রশিক্ষণ কোর্সে পরীক্ষার্থীর উত্তরপত্রে সঠিকভাবে নম্বর প্রদানের কলাকৌশল সম্পর্কে বিশদ আলোচনা করা হয়েছে। উত্তরপত্রে নির্ভরযোগ্য নম্বর প্রদানের লক্ষ্যে শিক্ষকগণের জন্য এই কলাকৌশলগুলো জানা বাধ্যতামূলক। সফলভাবে কোর্সটি সমাপ্ত করলে সনদ প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে।

প্রশিক্ষণ কোর্সটিতে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থীকে মুক্তপাঠে রেজিস্ট্রেশন করতে হবে। মুক্তপাঠের ওয়েবসাইট হচ্ছে www.muktopaath.gov.bd। অনলাইন কোর্সে অংশগ্রহণের প্রক্রিয়া সম্পর্কিত একটি দিক নির্দেশনা pdf আকারে ঢাকা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে দেয়া আছে।

আপনার প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ের সকল শিক্ষককে আগামী ৩০শে মার্চ, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে অনলাইন কোর্সটিতে রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশ প্রদানের অনুরোধ করা হলো। অংশগ্রহণকারী শিক্ষকগণের নামের তালিকা আগামী ২০ থেকে ৩০ এপ্রিল, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে bedubise@yahoo.com ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


(প্রফেসর মুঃ জিয়াউল হক) ৬.৩.১৯

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।

ও

সভাপতি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ফোন : ৯৬১৫২৩৫

প্রধান শিক্ষক

.....

সদয় অবগতি/কাযার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৪. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, শিক্ষাভবন, ঢাকা।
৫. চেয়ারম্যান, ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৬. পরিচালক, প্রশিক্ষণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
৮. আঞ্চলিক পরিচালক-ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা। (স্ব-স্ব বোর্ডের ওয়েবসাইটে নোটিশটি আপলোড করার নির্দেশনাসহ)
১০. জেলা শিক্ষা অফিসার, (সকল) (a2i নির্বাচিত অ্যামবেসেডর শিক্ষকগণের সহযোগিতায় বিষয়টি তার নিজ এলাকার বিষয় সংশ্লিষ্ট সকল শিক্ষককে অবগত করার জন্য নির্দেশনাসহ)।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)।
১২. অফিস কপি